গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
শুদ্ধাচার শাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১.২৭১ তারিখ: ৯ কার্তিক ১৪২৯
২৫ অক্টোবর ২০২২

বিষয়: **২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ১.২, ১.৪, ১.৬, ২.৩, ২.৪, ২.৫ ও ৩.১ নম্বর ক্রমিকের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ সংক্রান্ত।**

গত ১৬, ১৭ ও ১৯ অক্টোবর ২০২২ তারিখ ২০২২-২৩ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ওপর মন্ত্রণালয়/বিভাগের শুদ্ধাচার-সংশ্লিষ্ট কর্মকতাদের অংশগ্রহণে কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ওপর বিস্তারিত আলোচনাক্রমে ১.২, ১.৪, ১.৬, ২.৩, ২.৪, ২.৫ ও ৩.১ নম্বর ক্রমিকের বিষয়ে সর্বসম্মতিতে সিদ্ধান্ত গৃহীত হয়। গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

"১.২ সুচকে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা মূল্যায়নের ক্ষেত্রে সিদ্ধান্তের গুণগত মান বিবেচনা করা হবে। নৈতিকতা কমিটির সভায় যদি শুধু কর্ম-পরিকল্পনার বিষয়ে আলোচনা করা হয় এবং সে অনুযায়ী সিদ্ধান্ত গৃহীত হয় সেক্ষেত্রে মূল্যায়নে অর্ধেক নম্বর ২ (দুই) পাওয়া যাবে। তবে নৈতিকতা কমিটির সভায় যদি শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাইরে নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুযায়ী আলোচনা করা হয় এবং সে অনুযায়ী সিদ্ধান্ত গৃহীত এবং বাস্তবায়িত হলে পূর্ণ নম্বর ৪ (চার) পাওয়া যাবে।"

"১.৪ সূচকে মন্ত্রণালয়/বিভাগ তাদের মোট কর্মকর্তা/কর্মচারীর ৫০% কর্মকর্তা/কর্মচারীকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ দিতে সমর্থ হলে সেক্ষেত্রে বছরশেষে মূল্যায়নের সময় তা শতভাগ অর্জন হিসেবে বিবেচনা করা হবে এবং পূর্ণ নম্বর প্রাপ্ত হবে। তবে অর্থ বিভাগ কর্তৃক যদি পরবর্তীতে ৫০% প্রশিক্ষণ বাজেট ব্যয়ের বাধ্যবাধকতা প্রত্যাহার করা হয় তবে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার পূর্বের গাইডলাইন ও নির্দেশিকা প্রযোজ্য হবে।"


"১.৬ সূচকে যে সকল মন্ত্রণালয়/বিভাগের দপ্তর/সংস্থা নেই তাদেরকে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ১.৫ সূচকে কর্মপরিবেশ উন্নয়ন সংক্রান্ত ২টি কাজের স্থলে ৪টি কাজ করতে হবে। নম্বর বণ্টনের ক্ষেত্রে ৪টি কাজের প্রতি কাজের জন্য ১.৫ মান হিসাবে মোট ৬ নম্বর প্রাপ্ত হবে।"

"২.৩ সূচকে অর্থ মন্ত্রণালয় কর্তৃক ছাড়কৃত অর্থের পরিমাণ অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি হিসাব করতে হবে। ছাড়কৃত অর্থের শতভাগ ব্যয় করতে পারলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। ছাড়কৃত অর্থের ন্যুনতম ৮০% ব্যয় করতে না পারলে কোন নম্বর পাওয়া যাবে না।"

"২.৪ সূচকে মন্ত্রণালয়/বিভাগসমূহকে শতভাগ পিআইসি সভা আয়োজন করতে হবে। তবে পিএসসি সভা আয়োজনের ক্ষেত্রে যেসব মন্ত্রণালয়/বিভাগের প্রকল্পের সংখ্যা ১-৩০, তাদের ১০০% পিএসসি সভা আয়োজন করতে হবে, প্রকল্পের সংখ্যা ৩১ থেকে ৬০-এর মধ্যে হলে সেক্ষেত্রে ৮০% পিএসসি সভা আয়োজন করতে হবে এবং মন্ত্রণালয়/বিভাগের প্রকল্প সংখ্যা যদি ৬১ বা তদুর্দ্ধ হয় সেক্ষেত্রে ৫০% পিএসসি সভা আয়োজন করতে হবে।" উল্লেখ্য, পিএসসি সভা আয়োজনের এই সংখ্যা নির্ধারণ শুধুমাত্র শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের জন্য প্রযোজ্য হবে।

"শুদ্ধাচার কর্মপরিকল্পনার ২.৫ নম্বর সূচকের মান ৫-এর পরিবর্তে ৩ এবং ৩.১ নম্বর সূচকের মান ৩-এর পরিবর্তে ৫ হবে।"

২। এমতাবস্থায়, শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ১.২, ১.৪, ১.৬, ২.৩, ২.৪, ২.৫ ও ৩.১ নম্বর ক্রমিকের বিষয়ে গৃহীত সিদ্ধান্তের আলোকে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



২৫-১০-২০২২
মুহাম্মদ নাজমুল হক
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৫৮৮৯৬
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল: inar_sec@cabinet.gov.bd


সিনিয়র সচিব/সচিব

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১.২৭১/১(৪)

তারিখ: ৯ কার্তিক ১৪২৯
২৫ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) যুগ্মসচিব (সংযুক্ত), প্রশাসনিক সংস্কার অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৩) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
৪) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ



২৫-১০-২০২২
মুহাম্মদ নাজমুল হক
সিনিয়র সহকারী সচিব